

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯১৭

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - সদাকার মর্যাদা

আরবী

وَعَنِ الْبَرَاءِ قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ مَنَحَ مِنْحَةَ لَبَنٍ أَو روق أَوْ هَدَى زُقَاقًا كَانَ لَهُ مِثْلَ عِتْقِ رَقَبَة» . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

১৯১৭-[৩০] বারা ইবনু 'আযিব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কাউকে একটি দুগ্ধবতী ছাগী দুধ পানের জন্য দিবে অথবা রূপা (অর্থাৎ টাকা-পয়সা) ধার হিসেবে দেবে অথবা পথহারা কোন ব্যক্তিকে পথ দেখিয়ে দেবে, সে একটি গোলাম স্বাধীন করার মতো সাওয়াব পাবে। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিয়ী ১৯৫৭, সহীহ আত্ তারগীব ৮৯৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল জাযারী (রহঃ) বলেন, টাকা-পয়সা দান করার অর্থ হলো টাকা-পয়সা ঋণ দেয়া আর দুধ দান করার অর্থ হলো উটনি বা ছাগল দান করা এ শর্তে যে, ঐ পশুর দুধ থেকে তারা লাভবান হবে এবং প্রয়োজন শেষে মালিককে ঐ পশুগুলো ফেরত দিবে। এ কাজগুলো যে করবে সে একজন দাস মুক্ত করার সাওয়াব পাবে। কাজগুলোর সাথে দাসমুক্তির সাওয়াবের সাদৃশ্য করা হয়েছে এজন্য যে, ঐ কাজগুলো দ্বারা সৃষ্টিজীবের উপকার সাধন করা হয় এবং তাদের প্রতি অনুগ্রহ করা হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন